প্রথম আলো

তারিখ ... SEP. 02 2006 ...
পৃষ্ঠা ১৭ কলাম ৭

৬০

## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# অনিয়মের অভিযোগ অস্বীকার করে উপাচার্যের সংবাদ সম্মেলন, এলাকাবাসীর বিক্ষোভ অব্যাহত

নোয়াখালী অফিস

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আবুল খায়ের গতকাল শুক্রবার বিকেলে সংবাদ সম্মেলন করে জনবল নিয়োগে অনিয়ময়ের অভিযোগ অস্বীকার করেছেন। এদিকে যোগ্যতার ভিত্তিতে জনবল নিয়োগের দাবিতে বিক্ষোভকালে সন্ত্রাসীরা বিক্ষোভকারীদের ওপর হামলা চালিয়েছে। এ ঘটনার জের ধরে এলাকাবাসী সোনাপুর-চরজব্বর সড়ক অবরোধ ও জিয়া স্মৃতি সংসদ ভাঙচুর করেছে।

উপাচার্য ড. আবুল খায়ের গতকাল বিকেল চারটায় তার কক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করেন। এ সময় তিনি লিখিত বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয়ে এডহক ভিত্তিতে এ পর্যন্ত ১০৪ জন কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে। এর মধ্যে ৮৭ জনই বৃহত্তর নোয়াখালীর। সম্প্রতি স্থানীয় ইউপি চেয়ারম্যান তার বিরুদ্ধে যেসব অভিযোগ এনেছেন তা ভিত্তিহীন। তিনি চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেন, জনবল নিয়োগ ও কেনাকাটায় কেউ যদি এক টাকাও অনিয়ম প্রমাণ করতে পারেন, তবে তিনি যেকোনো ধরনের দায়িত্ব থেকে সরে দাঁড়াবেন।

সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কাজী ফজলুল করিম, হিসাব শাখার পরিচালক আবদুল জলিল, উন্নয়ন ও পরিকল্পনা শাখার পরিচালক মো. সেলিম উপস্থিত ছিলেন।

এদিকে সংবাদ সম্মেলন চলাকালে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে স্থানীয় ইউনিয়ন বিএনপির সভাপতি জসিম উদ্দিন, ইউপি সদস্য দেলোয়ার হোসেন, সাবেক সদস্য আবু তাহেরের নেতৃত্বে পাঁচ শতাধিক লোক যোগ্যতার ভিত্তিতে জনবল নিয়োগের দাবিতে ক্যাম্পাসের বাইরে বিক্ষোভ করে। এ সময় একদল সন্ত্রাসী ওই বিক্ষোভ সমাবেশে হামলা চালায়। পুলিশও তাদের ওপর লাঠিচার্জ করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, হামলায় ইউনিয়ন বিএনপি সভাপতি জসিম উদ্দিনসহ কয়েকজন লাঞ্ছিত হওয়ায় বিক্ষোভকারীরা সন্ধ্যায় সোনাপুর-চরজব্বর সড়কের ডাক্তার বাজারে সড়ক অবরোধ করে রাখে। এ সময় তারা ক্ষুব্ধ হয়ে বিএনপিরই অঙ্গসংগঠন জিয়া স্মৃতি সংসদের কার্যালয় ভাঙচুর করে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উপজেলা বিএনপি সভাপতি ও নোয়াখালী ইউপি চেয়ারম্যান অ্যাডভোকেট আবদুর রহমান বলেছেন, তাদের শান্তিপূর্ণ বিক্ষোভ সমাবেশে হামলার প্রতিবাদে তারা আজ শনিবার আবার প্রতিবাদ সমাবেশ করবেন। প্রসঙ্গত, গত ২৮ আগস্ট অ্যাডভোকেট আবদুর রহমান নোয়াখালী প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে উপাচার্যের বিরুদ্ধে জনবল নিয়োগসহ বিভিন্ন খাতে